**মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থবছরের নভেম্বর/২০২৩ মাসের ভাতাভোগী যাচাই-বাছাই ও চূড়ান্তকরণ সভার কার্যবিবরণী:**

সভাপতি : শেখ মেহেদী ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।

সভার তারিখ : ২৭/১১/২০২৩ খ্রিঃ ।
সময় : সকাল: ০৩:০০ ঘটিকা।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শৈলকুপা, ঝিনাইদহ।

সভায় উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব আলোচ্যসূচি পেশ করেন। আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয় ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি-১: মা ও শিশু সহায়তা কর্মসূচির ২০২৩-২০২৪ অর্থবছরের বরাদ্দ সংক্রান্ত:**

**আলোচনা:** সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্যসচিব উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানিয়ে তার বক্তব্য তুলে ধরেন। সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ২০২৩-২০২৪ অর্থবছরের মা ও শিশু সহায়তা কর্মসূচির প্রাপ্ত বরাদ্দ হতে অক্টোবর/২০২৩ মাসের ভাতাভোগী নির্বাচনের জন্য আজকের এ সভা। নীতিমালা আলোকে ভাতাভোগী হতে ইচ্ছুক ৪ (চার) থেকে ৬ (ছয়) মাসের সন্তান সম্ভাব্য মায়েরা ইউনিয়ন ডিজিটাল সেন্টারে নির্ধারিত ৪০ (চল্লিশ টাকা) এবং তথ্য সেবা কর্মকর্তার নিকট হতে বিনামূল্যে অনলাইনে আবেদন করতে পারবে। নভেম্বর/২০২৩ মাসে অনলাইনে ইউনিয়নে ২৩৮ (দুইশত আটত্রিশ) টি এবং পৌরসভায় ৩৬ (ছত্রিশ) টি সহ মোট ২৭৪ (দুইশত চুয়াত্তর) টি আবেদন জমা হয়। প্রাপ্ত আবেদন হতে ইউনিয়ন কমিটি যাচাই বাছাই অন্তে ২১০ (দুইশত দশ) জন উপকারভোগীকে চূড়ান্ত অনুমোদন করে এবং পৌরসভা কমিটি ৩৬ (ছত্রিশ) টি আবেদন হতে ৩৬ (ছত্রিশ) টি আবেদন ভাতা প্রাপ্তির যোগ্য হওয়ায় চূড়ান্ত অনুমোদন করে উপজেলা কমিটিতে প্রেরণ করে। উপজেলা কমিটি যাচাই বাছাই সভায় সদস্য সচিব জানান যে, ইউনিয়ন হতে নভেম্বর/২০২৩ মাসে সুপারিশকৃতদের মধ্য হতে ৩ নং দিগনগর ইউনিয়নে ১৫ (পনের) জনের মধ্যে ১২ (বারো) জন আবেদনকারীকে সুপারিশ করা হয়েছে এবং ১০ নং বগুড়া ইউনিয়নে ১৫ (পনের) জনের মধ্যে ১২ (বারো) জন আবেদনকারীকে সুপারিশ করা হয়েছে। ০২ নং মির্জাপুর ইউনিয়নে নভেম্বর/২০২৩ মাসে ১৯ (উনিশ) জন সুপারিশকৃতের মধ্যে ১৯ (উনিশ) জন ভাতভোগী চূড়ান্ত করা হয়েছে এবং ০৮ নং ধলহরাচন্দ্র ইউনিয়নে নভেম্বর/২০২৩ মাসে ২০ (বিশ) জন সুপারিশকৃতের মধ্যে ১৮ (আঠারো) জন ভাতাভোগী চূড়ান্ত করা হয়েছে। যাচাই-বাছাই শেষে উপজেলা কমিটি ইউনিয়ন হতে প্রাপ্ত ২৩৮ (দুইশত আটত্রিশ) জনের স্থলে ২১০ (দুইশত দশ) জন এবং পৌরসভার ৩৬ (ছত্রিশ) জনের মধ্যে ৩৬ (ছত্রিশ) জনকে চূড়ান্ত ভাবে অনুমোদন প্রদান করে। ইউনিয়ন এবং পৌরসভা ২৪৯ (দুইশত উনপঞ্চাশ) জনের মধ্যে মোট ২৪৬ (দুইশত ছেচল্লিশ) জনকে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়।

নিম্নে ছক আকারে প্রাপ্ত বরাদ্দ, সুপারিশকৃত আবেদন, চূড়ান্ত ভাবে অনুমোদিত আবেদন দেয়া হলো:

| ক্র:নং | ইউনিয়ন/পৌরসভার নাম | বরাদ্দকৃত আবেদন | ইউনিয়ন/পৌরসভায় নভেম্বর/২০২৩ মাসে প্রাপ্ত আবেদন | ইউনিয়ন/পৌরসভা থেকে সুপারিশকৃত আবেদন | উপজেলা কমিটি থেকে চূড়ান্ত অনুমোদনকৃত আবেদন |
|---|---|---|---|---|---|
| ০১ | ত্রিবেনী | ১৫*১=১৫ | ১৬ | ১৫ | ১৫ |
| ০২ | মির্জাপুর | ১৫*১=১৫ | ২৭ | ১৯ | ১৯ |
| ০৩ | দিগনগর | ১৫*১=১৫ | ১২ | ১২ | ১২ |
| ০৪ | কাঁচেরকোল | ১৫*১=১৫ | ১৭ | ১৫ | ১৫ |
| ০৫ | সারুটিয়া | ১৫*১=১৫ | ১১ | ১৫ | ১৫ |
| ০৬ | হাকিমপুর | ১৫*১=১৫ | ১৫ | ১৫ | ১৫ |
| ০৭ | ধলহরাচন্দ্র | ১৫*১=১৫ | ২০ | ২০ | ১৮ |
| ০৮ | মনোহরপুর | ১৫*১=১৫ | ১৫ | ১৫ | ১৫ |
| ০৯ | বগুড়া | ১৫*১=১৫ | ১২ | ১২ | ১১ |
| ১০ | আবাইপুর | ১৫*১=১৫ | ১৫ | ১৫ | ১৫ |
| ১১ | নিত্যানন্দপুর | ১৫*১=১৫ | ১৫ | ১৫ | ১৫ |
| ১২ | উমেদপুর | ১৫*১=১৫ | ২৫ | ১৫ | ১৫ |
| ১৩ | দুধসর | ১৫*১=১৫ | ১৬ | ১৫ | ১৫ |
| ১৪ | ফুলহরি | ১৫*১=১৫ | ২২ | ১৫ | ১৫ |
| ১৫ | শৈলকুপা পৌরসভা | ৩৬*১=৩৬ | ৩৬ | ৩৬ | ৩৬ |
| | মোট= | ২৪৬ | ২৭৪ | ২৪৯ | ২৪৬ |

**মন্তব্য:** ইউনিয়ন এবং পৌরসভা থেকে মোট প্রাপ্ত আবেদন ২৭৪ টি এবং সুপারিশকৃত আবেদন ২৪৯ টি। ০৩ নং দিগনগর ইউনিয়নে ১২ টি আবেদন এবং বগুড়া ইউনিয়নে ১২ টি আবেদনের মধ্যে ১১ টি আবেদন চূড়ান্ত করা হয়েছে। এছাড়া ০৬ নং সারুটিয়া ইউনিয়নে ১৫ টি আবেদনের মধ্যে নভেম্বর/২০২৩ মাসে ১১ টি আবেদন এবং অক্টোবর/২০২৩ মাসের ০৪ টি আবেদন থেকে সুপারিশ চূড়ান্ত করা হয়েছে। সর্বমোট ২১০ টি আবেদন চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়।

**সিদ্ধান্ত:** নীতিমালার আলোকে বরাদ্দ সংক্রান্ত সকল কার্য সম্পাদন করতে হবে।

**বাস্তবায়ন:** চেয়ারম্যান, সচিব, উদ্যোক্তা সকল ইউনিয়ন, শৈলকুপা, ঝিনাইদহ।

**আলোচ্যসূচী-২ :** আবেদন পত্র যাচাই ও চূড়ান্তকরণ সংক্রান্ত বিষয়ে:

**আলোচনা:** মা ও শিশু সহায়তার নীতিমালার আলোকে প্রতিমাসের ১ থেকে ২০ তারিখ পর্যন্ত ভাতাভোগী হতে ইচ্ছুক ১ম ও ২য় গর্ভধারণকারী মায়েরা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের মাধ্যমে নির্ধারিত ৪০/- (চল্লিশ টাকা) ফি দিয়ে অনলাইনে আবেদন করতে পারবেন। নির্ধারিত ৪০ (চল্লিশ টাকার) বেশি কোন অবস্থাতেই আবেদনকারীদের নিকট হতে গ্রহণ করা যাবে না। ২০ থেকে ২৫ তারিখের মধ্যে ইউনিয়ন কমিটি তালিকা যাচাই বাছাই করে রেজুলেশনসহ উপজেলা কমিটি বরাবর প্রেরণ করবেন। উপজেলা কমিটি ২৫ থেকে ৩০ তারিখের মধ্যে আবেদন যাচাই বাছাই করে চূড়ান্ত অনুমোদন করবেন।

**সিদ্ধান্ত :** সকল ইউনিয়নের ট্যাগ অফিসার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং সংশ্লিষ্ট এনজিওর মাধ্যমে আবেদন পত্রগুলো নীতিমালার আলোকে যাচাই বাছাই করে চূড়ান্ত করণের এবং অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** ট্যাগ অফিসার সকল ইউনিয়ন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার, সংশ্লিষ্ট এনজিও, শৈলকুপা, ঝিনাইদহ।

**আলোচ্যসূচী-৩ :** সঠিক সময়ে প্রাপ্ত বরাদ্দের অনলাইন সম্পন্ন বিষয়ে:

**আলোচনা:** সদস্য সচিব জানান যে, প্রতি ইউনিয়নে মাস ওয়ারী নির্ধারিত (১ তারিখ হতে ২০ তারিখ) যে বরাদ্দ আছে তা ইউনিয়ন পরিষদ হতে প্রচার-প্রচারণার মাধ্যমে প্রতিমাসের নির্ধারিত তারিখের মধ্যেই বরাদ্দকৃত ভাতাভোগীর অনলাইন আবেদন সম্পন্ন করতে হবে এবং সঠিক সময়ে উপজেলা কমিটিতে প্রেরণ করতে হবে।

**সিদ্ধান্ত:** সঠিক সময়ের মধ্যে ভাতাভোগী নির্বাচন এবং উপজেলা কমিটিতে প্রেরণ নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়ন:** চেয়ারম্যান, সচিব, উদ্যোক্ত সকল ইউনিয়ন, শৈলকুপা, ঝিনাইদহ ।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং নির্ধারিত সময়ের মধ্যে মা ও শিশু সহায়তা কর্মসূচির পরিপত্রের নির্দেশনার আলোকে নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনের জন্য অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭।১১।২৩

**(শেখ মেহেদী ইসলাম)**
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং-৩২.০১.৪৪৮০.০০০.০৬.০০১.২৩- ৩০৮ (গ) ২৭/১১/২০২৩ খ্রিঃ ।

**অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।**

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
২। কর্মসূচি পরিচালক (মা ও শিশু সহায়তা কর্মসূচি), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।
৫। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঝিনাইদহ।
৬। অফিস কপি।

**(রেশমা খানম)**
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও সদস্য সচিব
উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ।